গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫ ।
www.niport.gov.bd

নং – ৫৯.১২.০০০০.০০১.০৬.০৩৮.১৯- ৮৫৭

তারিখ : ০২ আশ্বিন ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ।

সভাপতি : সুশান্ত কুমার সাহা, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, নিপোর্ট, ঢাকা।
সভার তারিখ ও সময় : ২৬ আগষ্ট ২০১৯ খ্রি. সকাল ১১:০০ ঘটিকা।
সভার স্থান : নিপোর্ট সভাকক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) গত ৩০/০৬/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। উপপরিচালক (প্রশাসন) অত:পর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নেবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	বিগত ৩০/০৬/২০১৯ খ্রি. তারিখের কার্যবিবরণী দৃঢ়ীকরণ	বিগত ৩০/০৬/২০১৯ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য উপস্থাপন করা হয় ।	বিগত ৩০/০৬/২০১৯ খ্রি. তারিখের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হলো ।	
২.	গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ।	(১) প্রতিমাসের দ্বিতীয় সোমবার মাসিক সমন্বয় সভা এবং প্রতি ৩ মাস পরপর পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনস্টিটিউট ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ/প্রশিক্ষণ কর্মকর্তাসহ ত্রৈমাসিক সমন্বয় সভা করার বিষয়ে আলোচনা করা হয়।	(১) নিয়মিত ত্রৈমাসিক ও মাসিক সমন্বয় সভা করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যা অব্যাহত রাখতে হবে। সভার সিদ্ধান্ত প্রাপ্তির ৭ দিনের মধ্যে অগ্রগতির প্রতিবেদন ই-মেইল এবং ডাকযোগে সংশ্লিষ্ট সকলকেপ্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ/ গবেষণা/ এবং অধ্যক্ষ ও প্রশিক্ষণ কর্মকর্তা
		(২) মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সকল কর্মকর্তার ই-মেইলে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	(২) সংশ্লিষ্ট সকলের নিকট সভার কার্যবিবরণী ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপপরিচালক (প্রশাসন)
৩.	মন্ত্রণালয়ে মাসিক রিপোর্ট প্রেরণ ও পেন্ডিং বিষয়	উপপরিচালক (প্রশাসন) জানান, প্রতিমাসে নিম্নলিখিত প্রতিবেদন গুলি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় : ১. মাসিক কর্মকান্ডের প্রতিবেদন; ২. প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন	মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক রিপোর্ট নিয়মিত প্রেরণ নিশ্চিত করতে হবে। এতে যেন ব্যত্যয় না ঘটে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তীক্ষ্ণ দৃষ্টি রাখতে হবে।	পরিচালক (প্রশাসন)/ প্রশিক্ষণ/ গবেষণা) ও অধ্যক্ষ (সকল)/